



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
Bangladesh Open University  
গাজীপুর-১৭০৫।

এইচএসসি প্রোগ্রাম  
**ভর্তি বিজ্ঞপ্তি**  
শিক্ষাবর্ষ : ২০১৮-২০১৯

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ওপেন স্কুল পরিচালিত হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচএসসি) প্রোগ্রামে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে-কোনো স্টাডি সেন্টার থেকে ১৫, মার্চ ২০১৮ তারিখ থেকে ৩০, মে ২০১৮ তারিখের মধ্যে ভর্তি ফরম সংগ্রহ, জমা ও ভর্তি হওয়া যাবে। এছাড়া যে-কোনো আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি-সংক্রান্ত তথ্য জানা যাবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তি ফি বাউবি নির্ধারিত সোনালী ব্যাংকে (আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে জেনে নিতে হবে) জমা দিয়ে ভর্তির সকল কার্যক্রম ৩০, মে ২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রয়োজনে ভর্তিচ্ছু প্রার্থীগণ বাউবির ওয়েবসাইট থেকে (<http://www.bou.edu.bd>) ভর্তি ফরম ডাউনলোড করে কিংবা ভর্তি ফরমের ফটোকপি ব্যবহার করতে পারবেন। এক্ষেত্রে ফরম জমা দেয়ার সময় ১০০/-টাকার ব্যাংক রসিদ সংযুক্ত করতে হবে।

বাউবির উপ-আঞ্চলিক কেন্দ্র অথবা নিম্নলিখিত আঞ্চলিক কেন্দ্র থেকে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে এইচএসসি প্রোগ্রামে ভর্তির জন্য স্টাডি সেন্টারের নাম ও ঠিকানা জানা যাবে।

**আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা**

আঞ্চলিক কেন্দ্র-ঢাকা, ৪/ক গভঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা -১২০৫। ফোন- ৯৬৭৩৬৬৯	আঞ্চলিক কেন্দ্র-বগুড়া, বিশ্বরোড, বনালী, বগুড়া-৫৮০০। ফোন-০৫১/৬২৭৯৪
আঞ্চলিক কেন্দ্র-চট্টগ্রাম, সি.আর.বি রোড, স্টেডিয়াম সলোয়, চট্টগ্রাম। ফোন-০৩১/৬১৯৬৩৩	আঞ্চলিক কেন্দ্র-যশোর, উপ-শহর, যশোর। ফোন-০৪২১/৬৮৫২৬
আঞ্চলিক কেন্দ্র-সিলেট, পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট। ফোন-০৮২১/৭১৯৫২৩	আঞ্চলিক কেন্দ্র-রাজশাহী, নওহাটা, পবা, রাজশাহী। ফোন- ০৭২১/৮০০০০৮
আঞ্চলিক কেন্দ্র-বরিশাল, হাউজিং এস্টেট, রূপাতলী, বরিশাল। ফোন-০৪৩১/২১৭৬২৮২	আঞ্চলিক কেন্দ্র- ময়মনসিংহ, মালকান্দা, ময়মনসিংহ। ফোন-০৯১/৬৫২৯৮
আঞ্চলিক কেন্দ্র-কুমিল্লা, নোয়াপাড়া, দুর্গাপুর, কুমিল্লা। ফোন-০৮১/৭৭৫৫৭	আঞ্চলিক কেন্দ্র-রংপুর, আর.কে.রোড, রংপুর। ফোন-০৫২১/৬৩৫৯৩
আঞ্চলিক কেন্দ্র-ফরিদপুর, হাডোকাঙ্গি (বরিশাল রোড), ফরিদপুর। ফোন-০৬৩১/৭১৪৮২	আঞ্চলিক কেন্দ্র-খুলনা, রৌশনীবাগ, খুলনা-৯২০৮। ফোন-০৪১/৭৩১৭৯৫

- ভর্তির নূনতম যোগ্যতা : এসএসসি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ভর্তি ফরম সংগ্রহ, জমাদান এবং ভর্তি : ১৫, মার্চ ২০১৮ থেকে ৩০, মে ২০১৮ পর্যন্ত।
- বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখ : ২৮, জুন ২০১৮।
- টিউটোরিয়াল ক্লাশ শুরু : ২০, জুলাই ২০১৮।
- পরীক্ষা : মার্চ, ২০১৯।


ভর্তি প্রতিক্রমা: একটি স্টাডি সেন্টারে ৪০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রার্থীকে তার নিজস্ব অথবা যার মাধ্যমে যোগাযোগ করা সম্ভব তার মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। বাউবি কর্তৃক নির্ধারিত সেকশনের ভিত্তিতে টিউটোরিয়াল ক্লাশ পরিচালিত হবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির সময় ব্যাংকে টাকা জমাদান রসিদের "প্রথম কপি" (শিক্ষার্থী মারফত বাউবির জন্য), আবেদনপত্র জমা দেয়ার প্রতিপত্র (Counterfoil), স্টাডি সেন্টারের সমন্বয়কারী কর্তৃক সত্যায়িত ৩ কপি পাসপোর্ট আকারের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের (জন্ম তারিখ উল্লেখসহ) সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূল সনদপত্র সঙ্গে আনতে হবে (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরত দেওয়া হবে)।

ভর্তি ফি :	রেজিস্ট্রেশন ফি	=	১৫০/-	৪র্থ বিষয়ের জন্য অতিরিক্ত কোর্স ফি ৫৬০/-
	কোর্স ফি (প্রতি কোর্স ৫৬০ টাকা হারে ৬টির জন্য)	=	৩,৩৬০/-	টাকা এবং ব্যবহারিক কোর্স (প্রয়োজ্য ক্ষেত্রে)
	একাডেমিক ক্যালেন্ডার ফি	=	৫০/-	প্রতি অতিরিক্ত ১২৫/- টাকা জমা দিতে হবে।
	ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি	=	২০০/-	
	মোট ভর্তি ফি	=	৩,৭৬০/-	

বিঃদ্র: ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ডাকযোগে ভর্তি সংক্রান্ত কোনো পত্র বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে না।

কোনো অবস্থাতেই বর্গিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করা যাবে না। যদি এমনটি ঘটে সেক্ষেত্রে ভর্তি বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় প্রার্থীকে সঠিক তথ্য দিতে হবে। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী, সিলেবাস, পরীক্ষার নিয়ম ইত্যাদি বাউবির একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

  
(ড. মো. চৌধুরী খালিদ)  
সভাপতি  
ভর্তি কমিটি, এইচএসসি প্রোগ্রাম  
ওপেন স্কুল, বাউবি।